# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ১৪. ২. ৩. কোন্ বাইবেল? প্রটেস্ট্যান্ট, ক্যাথলিক, অর্থোডক্স না গ্রিক?

লক্ষণীয় যে, তাঁরা বিদ্যমান সংকলনগুলোর মধ্যে কোন্ কোন্ গ্রন্থ বিদ্যমান ছিল তা বলেননি। আমরা জানি যে, তাঁদের সময়ে হিব্রু বাইবেল, গ্রিক সেপ্টুআজিন্ট ও শমরীয় বাইবেল- তিনটা সংস্করণ প্রচলিত ছিল। আমরা দেখেছি যে, তিন প্রকারের পুরাতন নিয়মের মধ্যে পুস্তকসংখ্যায় ও বক্তব্যে আসমান-জমিন পার্থক্য ও বৈপরীত্য বিদ্যমান। তাঁরা কোন্ পুরাতন নিয়মের বিদ্যমানতা বা বিশুদ্ধতার সাক্ষ্য দিয়েছিলেন? ৩৯ পুস্তকের প্রটেস্ট্যান্ট পুরাতন নিয়ম? ৪৬ পুস্তকের ক্যাথলিক পুরাতন নিয়ম? ৫১ পুস্তকের অর্থোডক্স পুরাতন নিয়ম? না ৫৩ পুস্তকের গ্রিক সেপ্টুআজিন্ট পুরাতন নিয়ম?

Source — https://www.hadithbd.com/books/link/?id=13932

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন